

জেএএন অ্যাসোসিয়েটস আয়োজিত তথ্যপ্রযুক্তি খাতের অগ্রজদের গেট টুগেদার



কম্পিউটার জগৎ রিপোর্ট ২ জানুয়ারি রাজধানীর প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলে আয়োজিত হয় আইটি পাইওনিয়ার্স গেট টুগেদার ২০১৬। জেএএন অ্যাসোসিয়েটস লিমিটেডের উদ্যোগে অনুষ্ঠিত এ ইভেন্টে দেশের অনেক তথ্যপ্রযুক্তি উদ্যোক্তা, ইন্ডাস্ট্রি লিডার এবং সাংবাদিক উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে দেশের আইসিটি খাতের সমস্যা ও সম্ভাবনা নিয়ে আলোচনা হয়।

অনুষ্ঠানের মূল উদ্যোক্তা জেএএন অ্যাসোসিয়েটসের ব্যবস্থাপনা পরিচালক এবং বিসিএসের সাবেক সভাপতি আবদুল্লাহ এইচ কাফি বলেন, 'আজ থেকে ৩০-৩৫ বছর আগে এই পাইওনিয়ারদের অনেকে খুঁকি ও উদ্যোগ নিয়ে আইসিটি ইন্ডাস্ট্রিকে দাঁড় করানোর জন্য কাজ করেন। এখন সময় এসেছে তাদের অভিজ্ঞতাকে দেশের উন্নয়নের জন্য কাজে লাগানোর।'

লিডস কর্পোরেশন লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক শেখ আবদুল আজিজ বলেন, 'বর্তমান প্রতিযোগিতামূলক বিশ্বে টিকে থাকতে হলে উন্নত আইসিটি খাতের কোনো বিকল্প নেই। বাংলাদেশের আইসিটি খাতে বিগত কয়েক বছরে ব্যাপক উন্নতি হয়েছে। বর্তমান সরকারের ডিজিটাল বাংলাদেশ কর্মসূচি আইসিটি খাতের উন্নয়নকে আরও ত্বরান্বিত করেছে। তাই এখনই সময় ডিজিটাল বাংলাদেশ গঠনে বাংলাদেশের আইসিটি খাতের মেধাবী ব্যক্তিদের কাজে লাগানোর।'

বাংলাদেশ কম্পিউটার সমিতির (বিসিএস) সাবেক সভাপতি মোস্তাফা জব্বার এদিকে দৃষ্টি রাখার জন্য সরকারের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, 'বাংলাদেশের সুবিধা হলো এ

দেশের জনগণের একটি বড় অংশই বয়সে তরুণ। তাই এই বিপুল তরুণ জনশক্তিকে আইসিটি খাতে কাজে লাগানোর মাধ্যমে দেশের অর্থনৈতিক উন্নয়নে তাৎপর্যপূর্ণ অবদান রাখা নিশ্চিত করতে হবে।'

এফবিসিসিআইয়ের পরিচালক শাফকাত হায়দার মেধাষতু আইন প্রণয়নের ব্যাপারে সরকারের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, 'বাংলাদেশের আইসিটি খাতের অসীম সম্ভাবনা ধাকা সত্ত্বেও সেভাবে আমরা অগ্রগতি করতে পারিনি। এর কারণ, বাংলাদেশে মেধাষতু আইনের যথাযথ প্রয়োগ নেই। এটি এখন খুবই গুরুত্বপূর্ণ ব্যাপার আমাদের জন্য। মেধাষতু আইন ছাড়া আইসিটি খাতের যথোপযোগী বিকাশ সম্ভব নয়। মেধাষতু আইন যথাযথভাবে প্রয়োগ করা হয় না

দেখে অনেক ক্ষেত্রে বিদেশি বিনিয়োগকারীরাও বাংলাদেশের আইসিটি খাতে বিনিয়োগ করতে চান না।'

বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব সফটওয়্যার অ্যান্ড ইনফরমেশন সার্ভিসেসের (বেসিস) সাবেক সভাপতি মাহবুব জামান বলেন, 'এশিয়ার সব দেশ এখন আইসিটি উন্নয়নে কাজ করেছে। বর্তমান দশককে বিশ্ব আইসিটিতে 'এশিয়ার দশক' বললে খুব একটা ভুল বলা হবে না। বিখ্যাত গবেষণা প্রতিষ্ঠান গার্টনারের রিপোর্ট অনুযায়ী দক্ষিণ-পশ্চিম এশিয়ার দেশগুলোতে ২০১৮ সালে আইসিটি খাতে খরচ

৬২ বিলিয়ন ডলারে পৌঁছেবে। এসব দেশ আইসিটির মাধ্যমে তাদের দেশের অর্থনৈতিক উন্নয়ন করার লক্ষ্য নিয়ে কাজ করছে।

আইসিটি এমন একটি খাত যেখানে বিশালসংখ্যক লোকের কর্মসংস্থান সম্ভব। বাংলাদেশের আইসিটি খাতের মাধ্যমে দেশের তরুণ জনশক্তিকে মূল্যবান মানবসম্পদে রূপান্তর করা সম্ভব এবং তা করা গেলে আইসিটি খাত তৈরি পোশাক খাতের চেয়েও বড় হবে।'

আলোচনায় সভায় এসএম কামাল আইটি পাইওনিয়ার্স ক্লাব গঠনের প্রস্তাব রাখেন। তিনি আহ্বায়ক হিসেবে আবদুল্লাহ এইচ কাফিকে উক্ত



ক্লাবের দায়িত্ব পালনের অনুরোধ করেন। ক্লাবের মূল লক্ষ্য হবে নতুন এবং পুরনোদের মাঝে সেতুবন্ধ স্থাপন করা।

এই গেট টুগেদারে বা

সম্মিলনে উপস্থিত ছিলেন বিসিএসের সাবেক সভাপতি এসএম কামাল, বেসিসের বর্তমান সভাপতি শামীম আহসান ও সহ-সভাপতি রাসেল টি আহমেদ, ঢাকা চেম্বার অব কমার্সের সহ-সভাপতি আতিক রাস্কানী, ড্যাফোডিল গ্রুপের চেয়ারম্যান সবুর খান, বিডিজবসের সিইও ফাহিম মাস্কর, মিডিয়া ব্যক্তিত্ব মোজাম্মেল বাবু, দৈনিক প্রথম আলোর ডেপুটি ফিচার এডিটর পল্লব মোহাইমেন ও কম্পিউটার জগৎ-এর সহকারী সম্পাদক মোহাম্মদ আবদুল হক। আলোচনা শেষে অতিথিরা নৈশভোজে অংশ নেন।